ঝিনাইদহ সদর উপজেলা ও পৌর যুবলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলা ও পৌর যুবলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার (১৩মে) সকাল সাড়ে ১১টার সময় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে এ সম্মেলনের উদ্বোধন ঘোষণা করা হয়।

দিনব্যাপি এই সম্মেলনের প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের সভাপতি ও সাবেক প্রতিমন্ত্রী বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সাবেক মেয়র সাইদুল করিম মিন্টু, ঝিনাইদহ-২ আসনের সংসদ সদস্য তাহজীব আলম সিদ্দিকী সমি ও বাংলাদেশ আওয়ামী যুবলীগের প্রেসিডিয়াম সদস্য ও সাবেক সংসদ সদস্য মোঃ নবী নেওয়াজ উপস্থিত ছিলেন।

সম্মেলনে প্রধান বক্তা ছিলেন, বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির যুগ্ম-সাধারণ সম্পাদক ও খুলনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত নেতা বাবু সুব্রত কুমার পাল (সিআইপি), এছাড়া বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক ও খুলনা বিভাগের দায়িত্বপ্রাপ্ত নেতা অ্যাড.ড.শামীম আল সাইফুল সোহাগ বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

এছাড়াও স্থানীয় অতিথি হিসেবে সদর উপজেলা চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি অ্যাড. আব্দুর রশিদ, সদর উপজেলা আওয়ামী লীগের সাধারন সম্পাদক ও পোড়াহাটি ইউপি চেয়ারম্যান শহিদুল ইসলাম হিরণ,পৌর আওয়ামী লীগের সভাপতি বাবু জীবন কুমার বিশ্বাস ও সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বিশ্বাস,বাংলাদেশ আওয়ামী যুবলীগের কেন্দ্রীয় কমিটির সম্মানিত সদস্য হুমায়ুন কবির, ইঞ্জিনিয়ার প্রতিক ঘোষ, শেখ জসিম উদ্দিন ও অ্যাড.এম.হাসানুজ্জামান তুষার।

সকালে সম্মেলনের শুভ উদ্বোধন করেন জেলা আওয়ামী যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জন। সদর উপজেলা আওয়ামী যুবলীগের আহবায়ক ইব্রাহিম খলিল রাজার সভাপতিত্বে বিশেষ বক্তা হিসেবে বক্তব্য রাখেন, জেলা আওয়ামী যুবলীগের যুগ্ম-আহবায়ক রাশিদুর রহমান রাসেল, হাফিজুর রহমান, রাজু আহম্মেদ ও শফিকুল ইসলাম শিমুল।

প্রথম অধিবেশন শেষে বিকাল সাড়ে তিনটার দিকে সম্মেলনের দ্বিতীয় অধিবেশ শুরু হয়। এতে ঝিনাইদহ সদর উপজেলার সভাপতি পদে কাউন্সিলররা ৭জনের, সাধারণ সম্পাদক পদে ১১জনের নাম প্রস্তাব করেণ এবং ঝিনাইদহ পৌর যুবলীগের সভাপতি পদে ৭জন এবং সাধারণ সম্পাদক পদে ১৩ জনের নাম প্রস্তাব করেণ। স্থানীয়ভাবে কোন সমঝোতা না হওয়ায় প্রধান বক্তার প্রস্তাবে এবং কাউন্সিলরদের সমর্থনে প্রস্তাবিত নামের মধ্য থেকে কেন্দ্রীয় আওয়ামী যুবলীগের পরামর্শে সভাপতি ও সাধারণ সম্পাদকের নাম ঘোষণা করা হবে বলে জানান।

সম্মেলনে প্রধান বক্তা বাবু সুব্রত পাল বলেন,‘ভাই লীগ, দাদা লীগ ও দিদি লীগের দিন শেষ। আগামী নির্বাচনে জায়ামাত বিএনপিকে মোকাবেলা করতে হবে, আপনারা নিজেদের মধ্যে লাঠালাঠি করবেন না। লাঠি রাখবেন, সামনে জামায়াত-বিএনপিকে মোকাবেলা করার জন্য’।

উল্লেখ যে, দীর্ঘ দুইযুগ পর ঝিনাইদহ সদর উপজেলা ও ঝিনাইদহ পৌর যুবলীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হচ্ছে। সর্বশেষ ১৯৯৮সালে এই সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল। এই সম্মেলনকে ঘিরে ঝিনাইদহ আওয়ামী লীগ ও যুবলীগের মধ্যে প্রাণ-চঞ্চলতা ফিরে এসেছে। শহরজুড়ে মিছিল-মিটিং আর চায়ের আড্ডায় কারা নেতৃত্বে আসছে এই নিয়ে আলোচনা সমালোচনা দেখা গেছে। আওয়ামী যুবলীগের একাধিক গ্রæপ মিছিল সহকারে সম্মেলন স্থলে গিয়ে ক্ষমতা প্রদর্শন করার চেষ্টা করছে। এর আগে সদর উপজেলা এবং পৌর আওয়ামী যুবলীগের সভাপতি ও সাধারণ সম্পাদক হতে ৭৯ জন যুবনেতা তাদের জীবন বৃত্তান্ত জমা দিয়েছিল।